

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭০১

আগরতলা, ০৮ ফেব্রুয়ারী, ২০১৮

বিধানসভা নির্বাচন : ১৮ ফেব্রুয়ারী সবেতন ছুটি

রাজ্যে বেসরকারী ক্ষেত্রে যে সমস্ত দোকান ও প্রতিষ্ঠান, শিল্প সংস্থা, কারখানা, চা এবং অন্যান্য বাগান রয়েছে সেগুলিতে কর্মরত শ্রমিক ও কর্মচারীদের ১৮ ফেব্রুয়ারী, ২০১৮ (রবিবার) সবেতন ছুটি ঘোষণা করার জন্য সরকার এই সমস্ত প্রতিষ্ঠানের পরিচালন কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছে। ১৮ ফেব্রুয়ারী অনুষ্ঠেয় রাজ্য বিধানসভার নির্বাচনে সংশ্লিষ্ট শ্রমিক কর্মচারীরা যাতে ভোটাধিকার প্রয়োগ করতে পারেন সে জন্য এই সিদ্ধান্ত নেয়া হয়েছে। রাজ্য সরকারের শ্রম দপ্তরের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এই সংবাদ জানানো হয়েছে।
